গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
শাহবাগ, ঢাকা-১০০০
প্রশাসন শাখা
www.bcsadminacademy.gov.bd

স্মারক নম্বর:০৫.০২.০০০০.০২৪.১১.০০৬.২০-৪০

তারিখ: ১৬ মাঘ ১৪২৮
২৭ জানুয়ারি ২০২২

# নিয়োগ বিজ্ঞপ্তি

বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকায় নিম্নোক্ত পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে ( http://bcsaa.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন (online) এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। **অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।:**

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ০১। | কম্পিউটার অপারেটর গ্রেড-১১: ১২,৫০০-৩০,২৩০/- | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে;<br>(গ) বাংলা ও ইংরেজি উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে প্রতি ০৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে;<br>(ঘ) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করেন নাই বলে গণ্য হবে;<br>(ঙ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। | সকল জেলা |
| ০২। | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর গ্রেড-১৩: ১১,০০০-২৬,৫৯০/- | ০১ (এক)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চলনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে;<br>(ঘ) প্রতি মিনিটে সাঁটলিপি লিখনে বাংলায় সর্বনিম্ন ৫০ শব্দ ও ইংরেজিতে সর্বনিম্ন ৮০ শব্দ এবং প্রতি মিনিটে কম্পিউটার মুদ্রাক্ষর লিখনে বাংলায় সর্বনিম্ন ২৫ শব্দ ও ইংরেজীতে সর্বনিম্ন ৩০ শব্দের গতি থাকতে হবে;<br>(ঙ) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে প্রতি ০৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হবে;<br>(চ) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করেন নাই বলে গণ্য হবে;<br>(ছ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। | সকল জেলা |

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ০৩। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড-১৬: ৯,৩০০-২২,৪৯০/- | ০১ (এক)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চলনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে;<br>(ঘ) প্রতি মিনিটে কম্পিউটার মুদ্রাক্ষর লিখনে বাংলায় সর্বনিম্ন ২০ শব্দ ও ইংরেজিতে সর্বনিম্ন ২০ শব্দের গতি থাকতে হবে;<br>(ঙ) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে প্রতি ০৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হবে;<br>(চ) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করেন নাই বলে গণ্য হবে;<br>(ছ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। | ময়মনসিংহ, খুলনা, চট্টগ্রাম, রাজশাহী ও রংপুর বিভাগের জেলাসমূহ বাদে অন্য সকল বিভাগের জেলাসমূহ।<br><br>তবে "এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় দেশের সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ০৪। | গাড়ীচালক গ্রেড-১৬: ৯,৩০০-২২,৪৯০/- | ০২ (দুই)টি | (ক) অন্যূন অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা এবং ভারী গাড়ি চালনার বৈধ লাইসেন্স। অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে;<br>(গ) লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচনা করা হবে;<br>(ঘ) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত প্রতিষ্ঠান থেকে ডোপটেস্টে উত্তীর্ণ হতে হবে। | ঢাকা, ময়মনসিংহ ও রাজশাহী বিভাগের জেলাসমূহ বাদে অন্য সকল বিভাগের জেলাসমূহ।<br>তবে "এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় দেশের সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ০৫। | অফিস সহায়ক গ্রেড-২০: ৮,২৫০-২০,০১০/- | ০১ (এক)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা, রংপুর, রাজশাহী ও চট্টগ্রাম বিভাগের জেলাসমূহ বাদে অন্য সকল বিভাগের জেলাসমূহ।<br><br>তবে "এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় দেশের সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ০৬। | পরিচ্ছন্নতা কর্মী গ্রেড-২০: ৮২৫০-২০০১০/- | ০১ (এক)টি | অন্যূন অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ঝাড়ুদার সম্প্রদায়ের প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। | ঢাকা, রংপুর ও চট্টগ্রাম বিভাগ বাদে অন্য সকল বিভাগের জেলাসমূহ।<br><br>তবে "এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় দেশের সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

C:\Users\pc\Downloads\BCSAA final draft 7 Post Newspaper Advertisement 25 January 2022.docx

## শর্তাবলি

১. ২৫ মার্চ ২০২০ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর এবং ২৭ জানুয়ারি ২০২২ তারিখে সর্বনিম্ন বয়স ১৮ বছর হতে হবে। তবে প্রতিবন্ধী ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/ কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২. সরকারী/আধা-সরকারী সংস্থায় চাকরিতে নিয়োজিত প্রার্থীগণ নিয়োগকারী কর্তৃপক্ষকে অবহিত করে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট থেকে অনাপত্তিপত্র দাখিল করতে হবে।

৩. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান, কোটা এবং পরিবর্তিত (প্রযোজ্য ক্ষেত্রে) বিধি-বিধান ও কোটা অনুসরণ করা হবে।

৪. মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্রের মূলকপিসহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও প্রশিক্ষণ সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। এছাড়া মৌখিক পরীক্ষার সময় জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

৫. মৌখিক পরীক্ষার সময় অনলাইনে পূরণকৃত আবেদন ফরম (Application Form) সহ জাতীয় পরিচয়পত্র, সকল শিক্ষাগত যোগ্যতা, বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও প্রশিক্ষণ সনদপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপিও দাখিল করতে হবে এবং মূলকপি সাথে আনতে হবে।

৬. বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৭. প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার স্থান ও সময়সূচি পরবর্তীতে মোবাইল এসএমএস/ই-মেইলে জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

৮. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন কোনও কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

৯. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১০. বিজ্ঞপ্তি পত্রিকা ছাড়াও বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকার (**www.bcsadminacademy.gov.bd**) এবং অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল **https://alljobs.teletalk.com.bd** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে। ওয়েবসাইটে পাওয়া যাবে।

১১. উপরে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্যতা রয়েছে এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১২. সার্টিফিকেট, জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্র, জন্মস্থান সংক্রান্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রার্থীর যোগ্যতা যাচাইয়ে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩. শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট দাখিল করতে হবে।

১৪. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি **http://bcsaa.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ৩১ জানুয়ারি ২০২২, সকাল ১০.০০ টা।

(ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৩ মার্চ ২০২২, বিকাল ০৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদন Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা ) বা ছবি/ স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ১-৪ নং ক্রমিকের জন্য ১০০/- (একশত) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ ১২/- (বার) টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা এবং বাবদ ৫-৬ নং ক্রমিকের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ ০৬/-(ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online এ পূরণকৃত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"। অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

উল্লেখ্য যে, পরীক্ষার তারিখ, সময় এবং কেন্দ্রের নাম যথাসময়ে ওয়েবসাইটে (www.bcsadminacademy.gov.bd/web/ SMS/ পত্রিকায় বিজ্ঞপ্তির মারফত জানানো হবে।

প্রথম: SMS: **BCSAA**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **BCSAA XMSMX3**

Reply: Applicant's Name, TK-112/56 will be charged as application fee. Your PIN is 12345678, To pay fee Type **BCSAA**<space>**Yes**<space>**PIN** and Send to 16222 নম্বরে।

দ্বিতীয়: SMS: **BCSAA**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **BCSAA Yes 12345678**

Reply: Congratulations Applicant's Name. Payment Completed Successfully for ........ Application for (Post Name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://bcsaa.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। একই প্রবেশপত্র দিয়ে লিখিত এবং মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে; প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে **BCSAA**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example: **BCSAA Help User ABCDEF** & Send to 16222

(ii) PIN Number জানা থাকলে **BCSAA**<space>**Help**<space>**PIN**<space>**PIN Number** & Send to 16222.
Example: **BCSAA Help PIN 12345678** & Send to 16222

(ঝ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd বা ddde@bcsadminacademy.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

(Mail এর subject-এ Organization Name: **BCSAA** Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

***** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

27.02.2022

**(ড. মোহাম্মদ কামরুজ্জামান)**
উপপরিচালক (প্রশাসন)
বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা।
ও
সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি, বিসিএস প্রশাসন একাডেমি, ঢাকা।
ফোন: ০২-৫৫১৬৫৯১৫
ইমেইল: kamrumilonibs@yahoo.com